**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/23/2022 **গভর্নর ক্যাথি হোকল**

## গভর্নর হোকল সাইবার হুমকি থেকে বৈদ্যুতিক গ্রিডকে রক্ষা করার জন্য জাতীয়-শীর্ষস্থানীয় আইনে স্বাক্ষর করেছেন

### *A.3904B/S.5579A আইনটি নিউ ইয়র্কের বৈদ্যুতিক গ্রিডে সাইবার হুমকির বিরুদ্ধে সুরক্ষা প্রদান করে*

### *প্রেসিডেন্ট বাইডেনের গুরুত্বপূর্ণ অবকাঠামো আরো সুরক্ষিত রাখার আহ্বানের প্রতিক্রিয়ায় নিউ ইয়র্ক জাতিকে নেতৃত্ব দেয়*

গভর্নর ক্যাথি হোকল আজ (A.3904B/S.5579A*)* আইনে স্বাক্ষর করেছেন যা স্টেটের বৈদ্যুতিক গ্রিডের জন্য সবচেয়ে শক্তিশালী সাইবার নিরাপত্তা সংশ্লিষ্ট সুরক্ষা নিশ্চিত করবে। গুরুত্বপূর্ণ অবকাঠামোগুলোর বিরুদ্ধে সাইবার আক্রমণে বিশ্বব্যাপী ঝুঁকি বৃদ্ধির সময় গৃহীত এই পদক্ষেপটি নিউ ইয়র্কের গ্রিড, স্টেটের অর্থনীতির মেরুদণ্ড, নির্ভরযোগ্য এবং সুরক্ষিত থাকবে তা নিশ্চিত করবে।

**গভর্নর হোকল বলেন,** "প্রথম আধুনিক বৈদ্যুতিক গ্রিডটি নিউ ইয়র্ক স্টেটে নির্মিত হয়েছিল এবং 140 বছর পরে, আমরা আমাদের সাইবার নিরাপত্তা জোরদার করার মাধ্যমে সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য আলো জ্বালানোর জন্য জাতীয়-শীর্ষস্থানীয় পদক্ষেপগুলো অব্যাহত রাখছি।" "আমরা বুঝছি যে বিশ্বের আর্থিক রাজধানী ও পরিবেশবান্ধব বিদ্যুৎ শক্তির একটি উৎস হিসেবে, নিউ ইয়র্ক হ্যাকারদের লক্ষ্যবস্ত। নির্ভরযোগ্য বৈদ্যুতিক পরিষেবার উপর নির্ভর কারী লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীদের রক্ষা করতে এই গুরুত্বপূর্ণ আইনটি সাহায্য করবে এবং পরিবেশবান্ধব বিদ্যুৎ শক্তিতে একটি মসৃণ পরিবর্তন নিশ্চিত করবে।"

**আইন A.3904B/S.5579A** যা নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি এবং নিউ ইয়র্ক স্টেট সিনেট উভয় জায়গাতেই সর্বসম্মতিক্রমে পাস হয়েছে, এটি স্থানীয় বিতরণ ব্যবস্থার সুরক্ষা শক্তিশালী করে এবং সাইবার আক্রমণের বিরুদ্ধে গুরুত্বপূর্ণ অবকাঠামো সুরক্ষিত করার জন্য ইউটিলিটিগুলোর এটি প্রয়োজন। ইউটিলিটিগুলোর বার্ষিক জরুরি প্রতিক্রিয়ামূলক পরিকল্পনাগুলোতে সাইবার আক্রমণের ক্ষেত্রে প্রস্তুত করার জন্য আইনটির তাদের প্রয়োজন হবে - যেমনটি ইউটিলিটিগুলোর ঝড়ের ক্ষেত্রে প্রস্তুত করতে হয়। নতুন সুরক্ষা ব্যবস্থাগুলো পাবলিক সার্ভিস কমিশন (Public Service Commission)-কে বর্ধিত অডিটিং সক্ষমতা প্রদান করবে যাতে গুরুত্বপূর্ণ অবকাঠামো ও গ্রাহকের ডেটা সুরক্ষিত থাকে।

এই পদক্ষেপটি প্রেসিডেন্ট জো বাইডেনের নির্দেশিকা অনুসারে যে, স্টেটের বিদ্যুৎ শক্তি ব্যবস্থা সহ গুরুত্বপূর্ণ অবকাঠামোর জন্য ন্যূনতম সাইবার নিরাপত্তা সংশ্লিষ্ট শর্তাবলি পূরণ করার অনুরোধ জানানো হয়েছে। গত এক দশকে বেশ কয়েকটি ক্ষেত্রে, সাইবার আক্রমণ বৈদ্যুতিক গ্রিড বন্ধ করতে সক্ষম বলে প্রমাণিত হয়েছে।

**স্টেট সিনেটর কেভিন এস. পার্কার বলেন,** "নিউ ইয়র্কের বিদ্যুৎ শক্তি অবকাঠামোকে সাইবার আক্রমণ থেকে সুরক্ষিত রাখার এবং আমাদের স্টেটে একটি নির্ভরযোগ্য বিদ্যুৎ শক্তির উৎস আছে তা নিশ্চিত করার ক্ষেত্রে এই আইনটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। গভর্নর আজ এটিকে আইনে স্বাক্ষর করতে দেখে আমি উচ্ছসিত। নিউ ইয়র্ক এই গুরুত্বপূর্ণ বিষয়ে জাতিকে নেতৃত্ব দিয়ে চলেছে বলে আমরা সারা দেশের স্টেটগুলোর জন্য একটি উদাহরণ স্থাপন করছি।"

**অ্যাসেম্বলিমেম্বার মাইকেল কুসিক বলেন,** "এই বিলটির স্বাক্ষর নিউ ইয়র্ক স্টেটে গুরুত্বপূর্ণ বিদ্যুৎ শক্তি পরিকাঠামো সুরক্ষায় একটি বিশাল পরিবর্তনের প্রতিনিধিত্ব করে যা আমি বিশ্বাস করি যে সারা দেশের অন্যান্য স্টেটের জন্যও একটি মডেল হয়ে উঠবে। হ্যাকারদের বিরুদ্ধে নিউ ইয়র্কের গ্রিড রক্ষায় তাদের সমর্থনের জন্য আমি গভর্নর এবং স্টেটের আইনসভায় আমার অংশীদারদের ধন্যবাদ জানাতে চাই। এটি নিউ ইয়র্কের জন্য একটি গর্বের মুহূর্ত, আবার প্রমাণ করে যে এম্পায়ার স্টেট সামনে থেকে নেতৃত্ব দিয়ে আসছে।"

**চিফ সাইবার অফিসার কলিন আহেরন বলেন,** "সাইবার নিরাপত্তার ক্ষেত্রে নিউ ইয়র্ক নেতৃত্ব দিচ্ছে এবং এই আইনটি স্টেট জুড়ে নিরাপদ বিদ্যুৎ শক্তি পরিকাঠামো তৈরিতে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। গভর্নর হোকল উদীয়মান হুমকি মোকাবেলার দায়িত্বে নেতৃত্ব দিচ্ছেন যা স্টেট এবং জাতীয় পর্যায়ের সম্মুখ সারিতে রয়েছে। আমি এই ফ্রন্টে আমাদের অগ্রগতি চালিয়ে যেতে এবং এই গুরুত্বপূর্ণ মিশনে আমাদের অংশীদারদের সাথে কাজ করতে পেরে রোমাঞ্চিত।"

**হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস কমিশনার জ্যাকি ব্রে বলেন,** "গভর্নর হোকলের নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেট তার সাইবার সুরক্ষাকে উল্লেখযোগ্যভাবে উন্নত করেছে। সাইবার আক্রমণ থেকে আমাদের স্থানীয় সরকারি অংশীদারদের সুরক্ষিত রাখতে সাহায্য করার জন্য আমরা রিসোর্স এবং পরিষেবাগুলোতে যথেষ্ট বিনিয়োগ করেছি। এই আইনটি গুরুত্বপূর্ণ বিদ্যুৎ শক্তি অবকাঠামোর বিঘ্নতা থেকে সুরক্ষিত রাখতে সহায়তা করে এই অর্জনগুলোর উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত। ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services, DHSES) নিউ ইয়র্কের বিদ্যুৎ শক্তি পরিকাঠামোগুলো সুরক্ষা নিশ্চিত করতে আমাদের গুরুত্বপূর্ণ অবকাঠামো সংশ্লিষ্ট অংশীদারদের সাথে নিবিড়ভাবে কাজ চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ হয়ে আছে।"

**নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশনের সভাপতি এবং CEO ররি ক্রিশ্চিয়ান বলেন,** "আমি সাইবার আক্রমণের সম্ভাবনা থেকে স্টেটের বিদ্যুৎ শক্তি গ্রিডকে সুরক্ষিত রাখার গুরুত্বকে স্বীকৃতি দেওয়ার জন্য গভর্নর হোকলের দৃষ্টিভঙ্গিকে সাধুবাদ জানাই। আমাদের অর্থনীতি এবং সমাজ একটি নির্ভরযোগ্য বৈদ্যুতিক গ্রিডের উপর নির্ভর করে, তাই এটিকে সুরক্ষিত রাখা আমাদের সর্বোচ্চ অগ্রাধিকারের মধ্যে থাকা উচিত।"

**সাইবারসিকিউরিটি অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার সিকিউরিটি এজেন্সির ডিরেক্টর জেন ইস্টারলি বলেন,** "আমেরিকানগণ প্রতিদিন যে পরিষেবাগুলোর উপর নির্ভর করে তা হুমকির জন্য হ্যাকাররা আমাদের দেশের গুরুত্বপূর্ণ অবকাঠামো এবং শিল্প নিয়ন্ত্রণ ব্যবস্থাকে টার্গেট করে চলেছে৷ স্টেট পর্যায়ে নিয়ন্ত্রিত গুরুত্বপূর্ণ বিদ্যুৎ শক্তি এবং গ্যাসের পরিকাঠামো সুরক্ষিত রাখার জন্য নিউ ইয়র্ক এই গুরুত্বপূর্ণ পদক্ষেপটি গ্রহণ করতে দেখে খুবই ভালো লাগছে। CISA নিরাপদ এবং স্থিতিশীল অবকাঠামো নিশ্চিত করতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেটের সাথে নিবিড়ভাবে অংশীদারিত্ব চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ হয়ে আছে।"

**চেয়ারম্যান, প্রেসিডেন্ট এবং চিফ এক্সিকিউটিভ অফিসার, কনসোলিডেটেড এডিসন, ইনক. টিমোথি পি. কাওলি বলেন,** "সাইবার আক্রমণগুলো সারা দেশে বিদ্যুৎ শক্তি ব্যবস্থা এবং বিদ্যুৎ শক্তি সরবরাহকারীদের জন্য একটি ক্রমবর্ধমান হুমকি, যে কারণে কন এডিসন গুরুত্বপূর্ণ অবকাঠামো, তথ্য ব্যবস্থা এবং গ্রাহকের ডেটা সুরক্ষিত রাখার জন্য আমাদের দায়িত্বকে এত গুরুত্ব সহকারে নিয়েছে৷ একটি গুরুত্বপূর্ণ ইস্যুতে নিউ ইয়র্ককে জাতীয় পর্যায়ের নেতা হিসেবে উপস্থাপন করার জন্য সরকারে থাকা আমাদের অংশীদার - গভর্নর হোকল, সিনেটর পার্কার এবং অ্যাসেম্বলিম্যান কুসিকের মতো নেতাদের আমরা সাধুবাদ জানাই।"

**সাইবার এবং উদীয়মান প্রযুক্তি বিষয়ক ডেপুটি ন্যাশনাল সিকিউরিটি অ্যাডভাইজার অ্যানি নিউবার্গার বলেন,** "যেহেতু বৈদ্যুতিক সেক্টর জুড়ে প্রযুক্তি নতুন মাধ্যমে ব্যবহার করা হয় তাই আমাদের বৈদ্যুতিক গ্রিডকে সাইবার হামলা থেকে সুরক্ষিত রাখার জন্য পদক্ষেপ গ্রহণ করা অপরিহার্য। আমরা বিদ্যুৎ শক্তি কোম্পানিগুলোর জন্য জাতীয়-নেতৃস্থানীয়, সাইবার নিরাপত্তা আইন আধুনিক করার জন্য নিউ ইয়র্ককে সাধুবাদ জানাই। এটি জরুরি অবকাঠামো সুরক্ষিত রাখার দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং আমরা নতুন শর্তাবলি বাস্তবায়নে হোকল প্রশাসনের সাথে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418